বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি কমিটি সমূহের চেয়ারম্যানের কার্যালয়

ডীন অফিস, পুরকৌশল অনুষদ, পুরকৌশল ভবন ৬ষ্ঠ তলা

ভর্তি পরীক্ষা ২০০৯-২০১০

ভর্তির জন্য যোগ্য প্রাথমিক ও অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের জরুরী জ্ঞাতব্য

I) প্রথম উপস্থিতিঃ সনদপত্রের সত্যতা যাচাই, বিভাগ অপশন প্রদান ও স্বাস্থ্য পরীক্ষা

(ক) (১) এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (*www.buet.ac.bd*) হতে বিভাগ নির্বাচন প্রদানের ফরম (Option Form) Download করে A4 সইজের ৮০ গ্রাম (gsm) সাদা অফসেট কাগজে (১ পৃষ্ঠা) প্রিন্ট নিতে হবে।

(২) আবেদনকারীর পিতা/অভিভাবককে প্রিন্টকৃত Option Form এর নির্দিষ্ট স্থানে কলম দিয়ে আবেদনকারীর এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যাপারে সম্মতিসূচক স্বাক্ষর প্রদান করতে হবে। উল্লেখ্য যে, Option Form এর বাকী অংশ নোটিশে উল্লেখিত তারিখে এই বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে দলিলপত্রের সত্যতা যাচাইয়ের পর পূরণ করতে হবে।

(খ) ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের (প্রাথমিক ও অপেক্ষমান তালিকাভুক্ত) নোটিশে উল্লেখিত তারিখে সকাল ৯:৩০ মিনিটে পুরকৌশল ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত পুরকৌশল অনুষদের ডীন অফিসে ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট ও সনদপত্রের সত্যতা যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। এই দিন প্রিন্টকৃত Option Form এবং সকল সনদপত্রের [ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট, সার্টিফিকেট, উপজাতীয়তার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি] মূলকপি সংগে আনতে হবে। উল্লেখ্য, বিভাগ অপশন প্রদানকৃত ছাত্র/ছাত্রীদের মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট ও সনদপত্রসমূহ ভর্তি কমিটিসমূহের সভাপতি-এর অফিসে জমা রাখা হবে। জমা গ্রহণের পর ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিল ব্যতিরেকে এই সকল কাগজপত্র সাময়িকভাবে ফেরৎ কিংবা ফটোকপি প্রদান করা হবে না।

(গ) সংরক্ষিত আসনের জন্য ভর্তিযোগ্য উপজাতীয় প্রার্থীদেরকে তাদের উপজাতীয়তার প্রমাণস্বরূপ নিম্নোক্ত প্রমাণাদি দাখিল করতে হবেঃ

- যে কলেজ থেকে পাশ করেছে সেই কলেজের অধ্যক্ষের সার্টিফিকেট।
- স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানের সার্টিফিকেট।
- উপজাতীয় গোত্রের মোড়ল (চীফ) কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট যা স্থানীয় থানা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঘ) দলিল পত্রের সত্যতা যাচাই-এর পর আবেদনকারীকে নিজ Option Form এ বিভাগের অপশন প্রদান করে স্বাক্ষর করতে হবে। **প্রদত্ত অপশন কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।**

(ঙ) বিভাগ অপশন প্রদানের পর ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা সমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে প্রথম উপস্থিতির দিন অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

স্বাস্থ্য পরীক্ষা

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল অফিসারগণ ভর্তির জন্য যোগ্য প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। পরীক্ষায় যদি কারও হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি, অন্যান্য সংক্রামক রোগ অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে যার ফলে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে এবং পেশায় সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে বিশ্ববিদ্যালয়ের চীফ মেডিক্যাল অফিসার মনে করেন তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে ধরা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি ৭ দিনের মধ্যে পুনঃ পরীক্ষা করা যেতে পারে। অন্যান্য অস্থায়ী অনুপযুক্ততা যথা, হাইড্রোসিল, হারনিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃ পরীক্ষার জন্য বিবেচিত হতে পারে। এই ধরণের অসুস্থতা পুন:পরীক্ষার প্রয়োজন হলে প্রার্থীর নিজস্ব খরচে বাইরের মতামতের জন্য বিশ্ববিদ্যালয়ের চীফ মেডিক্যাল অফিসার সুপারিশ করতে পারেন। তবে এই সুপারিশ ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে/সেশনে ভর্তি কমিটি সমূহের সভাপতি কর্তৃক অনুমোদিত হতে হবে। **উল্লেখ্য যে, স্বাস্থ্য পরীক্ষার জন্য টা: ৪০০/= (চারশত টাকা মাত্র) স্বাস্থ্য পরীক্ষার দিন নগদ প্রদান করতে হবে।**

II) দ্বিতীয় উপস্থিতিঃ স্বাস্থ্য পরীক্ষার ফলাফল এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি

ক) স্বাস্থ্য পরীক্ষার পর দ্বিতীয় উপস্থিতির তারিখে বিকাল ২:৩০ মিনিটে পুরকৌশল ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত পুরকৌশল অনুষদের ডীন অফিসে আসতে হবে। ভর্তি কমিটিসমূহের সভাপতি স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তি অনুমোদন করে ভর্তি ফরমে স্বাক্ষর করবেন।

খ) এ সময়ে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র বিতরণ করা হবে।

গ) বিনা অনুমতিতে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

ঘ) **প্রকৌশল অনুষদ সমূহের বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য টা: ৭,১৫০/- এবং স্থাপত্য বিভাগে ভর্তির জন্য টা: ৭,২০০/- ফি নির্ধারিত ফরমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা দিতে হবে।** টাকা জমা দেয়ার পর ব্যাংক এর প্রাপ্তি ফরমের অংশ ফটোকপি করে টাকা জমা দেয়ার তারিখে রেজিষ্ট্রার অফিসের ভর্তি শাখায় অবশ্যই জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ

- কোন ছাত্র/ছাত্রী ক্লাশ শুরু হওয়ার ১ (এক) সপ্তাহের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে এবং বিনা অনুমতিতে ২ (দুই) সপ্তাহের মধ্যে ক্লাশে উপস্থিত না হলে তার ভর্তি বাতিল করা হবে।
- আবাসিক হলে ভর্তির জন্য প্রদেয় ফি এর পরিমাণ এবং হলে ভর্তির সময়সূচী ছাত্রকল্যাণ পরিচালকের দপ্তর (বিশ্ববিদ্যালয় মাঠের দক্ষিণ-পশ্চিম প্রান্তে) থেকে নিজ দায়িত্বে যথাসময়ে জেনে নিতে হবে।

অধ্যাপক ডঃ মোঃ মনোয়ার হোসেন
ডীন, পুরকৌশল অনুষদ ও
সভাপতি, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি কমিটি সমূহ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি কমিটি সমূহের চেয়ারম্যানের কার্যালয়

ডীন অফিস, পুরকৌশল অনুষদ, পুরকৌশল ভবন ৬ষ্ঠ তলা

ভর্তি পরীক্ষা ২০০৯-২০১০

তারিখ ২৯/১০/২০০৯

স্থাপত্য, প্রকৌশল বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য যোগ্য প্রাথমিক ও অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের সনদপত্র যাচাই, বিভাগ নির্বাচনের অপশন প্রদান, স্বাস্থ্য পরীক্ষা এবং ভর্তির সময়সূচী

স্থাপত্য বিভাগে ভর্তির জন্য নির্বাচিত প্রাথমিক তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য

ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	*প্রথম উপস্থিতি* (সনদপত্র মূল্যায়ন, বিভাগ নির্বাচনের অপশন প্রদান ও স্বাস্থ্য পরীক্ষা) *সকাল ৯:৩০*	*দ্বিতীয় উপস্থিতি* (ভর্তির কাগজপত্র সংগ্রহ) *বিকাল ২:৩০-৫:০০*	*ভর্তির সর্বশেষ তারিখ*
০১ - ৫৪ এবং উপজাতীয় প্রার্থী	০৪/১১/০৯, বুধবার	০৮/১১/০৯, রবিবার	১৩/১২/০৯, রবিবার

স্থাপত্য বিভাগে ভর্তির জন্য যোগ্য অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য

৫৫ - ১৪৭ এবং উপজাতীয় প্রার্থী	১৯/১২/০৯, শনিবার	প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে

(বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ উপরোল্লিখিত সময়সূচী পরিবর্তন করতে পারেন)

প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য নির্বাচিত প্রাথমিক তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য

ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	*প্রথম উপস্থিতি* (সনদপত্র মূল্যায়ন, বিভাগ নির্বাচনের অপশন প্রদান ও স্বাস্থ্য পরীক্ষা) *সকাল ৯:৩০*	*দ্বিতীয় উপস্থিতি* (ভর্তির কাগজপত্র সংগ্রহ) *বিকাল ২:৩০-৫:০০*	*ভর্তির সর্বশেষ তারিখ*
০১ - ১০০	০৮/১১/০৯, রবিবার	১০/১১/০৯, মঙ্গলবার	১৩/১২/০৯, রবিবার
১০১ - ২০০	০৯/১১/০৯, সোমবার	১১/১১/০৯, বুধবার	
২০১ - ৩০০	১০/১১/০৯, মঙ্গলবার	১৪/১১/০৯, শনিবার	
৩০১ - ৪০০	১১/১১/০৯, বুধবার	১৫/১১/০৯, রবিবার	
৪০১ - ৫০০	১৪/১১/০৯, শনিবার	১৬/১১/০৯, সোমবার	
৫০১ - ৬০০	১৫/১১/০৯, রবিবার	১৭/১১/০৯, মঙ্গলবার	
৬০১ - ৭০০	১৬/১১/০৯, সোমবার	১৮/১১/০৯, বুধবার	
৭০১ - ৮০০	১৭/১১/০৯, মঙ্গলবার	২১/১১/০৯, শনিবার	
৮০১ - ৯০৯ এবং উপজাতীয় প্রার্থী	১৮/১১/০৯, বুধবার	২২/১১/০৯, রবিবার	

প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য যোগ্য অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য

ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	*প্রথম উপস্থিতি* (সনদপত্র মূল্যায়ন, বিভাগ নির্বাচনের অপশন প্রদান ও স্বাস্থ্য পরীক্ষা) *সকাল ৯:৩০*	*দ্বিতীয় উপস্থিতি* (ভর্তির কাগজপত্র সংগ্রহ) *বিকাল ২:৩০-৫:০০*	*ভর্তির সর্বশেষ তারিখ*
৯১০ - ১০৫০	২১/১২/০৯, সোমবার	প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে জানানো হবে	
১০৫১ - ১৪৯৭ এবং উপজাতীয় প্রার্থী	প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে জানানো হবে	প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে জানানো হবে	

(বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ উপরোল্লিখিত সময়সূচী পরিবর্তন করতে পারেন)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বিশেষ দ্রষ্টব্যঃ

(১) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের মধ্যে **যারা একই সাথে স্থাপত্য বিভাগ এবং প্রকৌশল বিভাগ সমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে** ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত/অপেক্ষমান তালিকাভূক্ত হয়েছে, তাদেরকে বিভাগ নির্বাচনের অপশন প্রদান, সনদপত্র যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্থাপত্য বিভাগের জন্য উপরোল্লিখিত সময়সূচী মোতাবেক নির্ধারিত প্রথম উপস্থিতির দিনে পুরকৌশল ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত পুরকৌশল অনুষদের ডীন অফিসে উপস্থিত থাকতে হবে।

(২) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা সমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে প্রথম উপস্থিতির দিন অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

(৩) ভর্তি সংক্রান্ত পরবর্তী সকল বিজ্ঞপ্তি শুধুমাত্র ভর্তি কমিটি সমূহের সভাপতির দফতরের নোটিশ বোর্ডে ও **www.buet.ac.bd** ওয়েবসাইটে প্রচার করা হবে। নোটিশ বোর্ডে প্রদত্ত বিজ্ঞপ্তির ভাষ্য চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যাপক ডঃ মোঃ মনোয়ার হোসেন
ডীন, পুরকৌশল অনুষদ ও
সভাপতি, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ভর্তি কমিটি সমূহ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

অনুলিপিঃ এ.পি.এস. টু ভি.সি.- (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)